


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নং- ৩৯.০০.০০০০.০০৯.২০.০১৭.১৯-১২৮১

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৬
১৪ অক্টোবর ২০১৯

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে ১.৫ অনুচ্ছেদ-এ ন্যূনতম একটি সেবা সহজিকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির আওতায় গবেষকদের মধ্যে অনুদান প্রদান করা হয়। উক্ত গবেষণা অনুদানের চেক ২টি ধাপে প্রদান করা হয়। প্রথম ধাপে ১ম ও ২য় কিস্তির অর্থ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে বিতরণ করা হয়। পরবর্তীতে দ্বিতীয় ধাপে ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ চেকের মাধ্যমে নির্ধারিত তারিখে গবেষকদের প্রদান করা হয়ে থাকে। ১ম ও ২য় ধাপের ২টি চেকই বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা থেকে সংগ্রহ করতে হয়। এতে একই সাথে অনেক জন গবেষককে ছুটি নিয়ে চেক সংগ্রহের জন্য সচিবালয়ে আসা যাওয়া করতে হয়। ফলে ২য় ধাপের (৩য় ও ৪র্থ কিস্তির) চেক বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় হতে সংগ্রহ না করে যদি নিজ প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করে তাহলে গবেষকদের সময় ও আর্থিক সাশ্রয় হবে। সে হিসেবে ২০১৯-২০ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ঢাকা শহরের বাহিরে সবচেয়ে বেশি যে প্রতিষ্ঠানের গবেষকদের মধ্যে বিশেষ গবেষণা অনুদানের চেক প্রদান করা হবে তা হলো বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহের কর্মসম্পাদনে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সেবা সহজিকরণের নিমিত্ত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর গবেষকদের চেক মন্ত্রণালয়ের হিসাব শাখার কর্মকর্তা/কর্মচারী এবং সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাগণ নির্ধারিত সময়ে উক্ত প্রতিষ্ঠানে গিয়ে সরাসরি চেক বিতরণ করবেন।


(ড. মো: গোলাম মোস্তফা)
উপসচিব
ফোন: ৯৫৭৬৫৩৯

রেজিস্ট্রার
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

নং- ৩৯.০০.০০০০.০০৯.২০.০১৭.১৯-১২৮১

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৬
১৪ অক্টোবর ২০১৯


অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব, বাজেট অধিশাখা-৩, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (চিঠিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (বিঃপ্রঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।

(ড. মো: গোলাম মোস্তফা)
উপসচিব

চেক বিতরণ সেবা সহজিকরণ

সমস্যার বিবৃতি: বিশেষ গবেষণা অনুদান প্রদানের জন্য বিদ্যমান পদ্ধতিতে সংশ্লিষ্ট গবেষককে স্বশরীরে মন্ত্রণালয়ে আগমনপূর্বক ১ম ও ২য় ফিস্তির চেক গ্রহণ করতে হয়। ফলে সময়, যাতায়াত ও ব্যয়বৃদ্ধিসহ ক্লাস সগ্রহণ কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি হয়। পরিণতিতে ছাত্র ও ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হয়।



ফলাফল

	সময়	যাতায়াত	খরচ
বিদ্যমান পদ্ধতি	৩দিন	প্রত্যেক গবেষক-কে যাতায়াত করতে হয়	প্রত্যেক গবেষকের খরচ ৩,০০০/- টাকা
প্রস্তাবিত পদ্ধতি	৩০ মিনিট	শুধুমাত্র ৩ সদস্যের টিম যাতায়াত করবে	গবেষকের কোন খরচ বহন করতে হবে না

গবেষকগণের মধ্যে প্রায় ৯০% গবেষক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান বিষয়ের শিক্ষক। শিক্ষকগণ ঢাকায় এসে মন্ত্রণালয় থেকে চেক গ্রহণের ফলে তাদের প্রত্যেকের প্রায় ৩,০০০/- (তিন হাজার) টাকা করে খরচ হয় এবং প্রায় তিন দিন সময় লাগে। এই তিন দিনে ছাত্রছাত্রীদের অনেক ক্লাস ব্যাহত হয়। ফলে তাদের কোর্স সম্পন্ন করতে সেশন জটের সৃষ্টি হয়। প্রস্তাবিত পদ্ধতি প্রয়োগ করতে পারলে শিক্ষা কার্যক্রমের উন্নতি হবে এবং ছাত্রছাত্রীরা যথাসময়ে তাদের কোর্স সম্পন্ন করতে পারবে।